গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২২.১৭-৬৫৩

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪২৬ ব. / ১০ ডিসেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ সিভিল আপীল নং-১৩৭/২০১৮ (যা রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ এর প্রেক্ষিতে দায়েরকৃত সিপিএলএ নং-৩৬১১/২০১৬ হতে উদ্ভুত) মামলাটি সরকার পক্ষে পরিচালনা সংক্রান্ত।

সূত্র: (১) ডিআইএ এর স্মারক নং-ডিআইএ-জামাল/৪০৬-৫/ঢাকা-২৫৩৪/৫, তারিখ: ২৭/০৬/৯০ খ্রি.
(২) কোনামালঞ্চ মাদ্রাসার স্মারক নং- কোনা/আ/দা/মা/১০(৫), তারিখ: ৩০/৯/২০১৩ খ্রি.
(৩) মাউশিঅ এর স্মারক নং- ১জি/৯৮৭বি/২০১১/৯৫০৯/৫ তারিখ: ২৪/১২/২০১৩ খ্রি.
(৪) অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের সাথে বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব সফিক মাহমুদ পুষ্প এর মৌখিক আলোচনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনামালঞ্চা আমেনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) গত ২১.১২.৮৬ ইং তারিখে কোনামালঞ্চা আমেনা দাখিল মাদ্রাসায় যোগদান করে গত ০১.০৬.৮৭ তারিখে (১০০০/- স্কেলে যা বর্তমানে ৬৪০০/-) এমপিওভুক্ত হন।

২। এমপিওভুক্তির মাত্র নয় মাস পরে প্রতারণা ও জাল অর্ডার তৈরীর মাধ্যমে বিধি বহির্ভূতভাবে তিনি (জনাব মো: শফিকুর রহমান) প্রথম টাইম স্কেল (১৩৫০/- টাকা) গ্রহণপূর্বক বেতন-ভাতা উত্তোলন করতে থাকেন এবং জনাব মো: শফিকুর রহমান ০১/৩/৮৮ হতে ৩১/৫/১৯৯০ পর্যন্ত প্রাপ্যের চেয়ে অতিরিক্ত ৭৫৪০/- টাকা উত্তোলন করেন, যা শিক্ষা মন্ত্রণালয়ের অডিটে সূত্রোক্ত (১) নং প্রতিবেদনমূলে ধরা পড়ে এবং পরবর্তীতে উক্ত অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়।

৩। অত:পর চাকুরী নীতিমালা অনুযায়ী ০৮ বৎসর পূর্ণ হওয়ায় পর জনাব মো: শফিকুর রহমান-কে বিগত ০১/৫/১৯৯৭ ইং তারিখে প্রথম বৈধ টাইম স্কেল (১১ কোড হতে ১০ নং কোডে, টাকা-৮০০০/-) প্রদান করা হয়। কিন্তু ভুলবশত এমপিও সীটে জনাব সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান বেতন (এমপিও) ১১০০০/- টাকা দেয়া হয় । কিন্তু প্রতিষ্ঠান হতে এমপিও নির্দেশিকা অনুযায়ী জনাব মো: শফিকুর রহমান-কে ০১/৫/১৯৯৭ হতে ফেব্রুয়ারি/২০০৮ পর্যন্ত ১০ নং কোডে ৮০০০/- বেতন-ভাতা প্রদান করা হয় মর্মে এমপিও কোড সংশোধনের নিমিত্ত এডি, মাউশিঅ বরারব সূত্রোক্ত (২) মূলে প্রেরিত পত্রে উল্লেখ রয়েছে।

৪। বৈধভাবে প্রথম টাইম স্কেল পেতে থাকা অবস্থায় উক্ত শিক্ষক (জনাব মো: শফিকুর রহমান) কর্তৃক পুনরায় দ্বিতীয়বার প্রতারণা ও অধিদপ্তরের অর্ডার জালকরণের মাধ্যমে দ্বিতীয় টাইমস্কেল (১০ হতে ৯ নং কোড) গ্রহণ করা হয়। এর পরবর্তীতে ০১/৩/২০০৮ হতে ৩১/১০/১২ পর্যন্ত সময়ে প্রাপ্যের চেয়ে অতিরিক্ত গৃহীত ১৪৭৭১৬/- টাকা সরকারী কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দেয়ার জন্য মাউশিঅ হতে ২৪/১২/২০১৩ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে পত্র জারি করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে জনাব মো: শফিকুর রহমান কর্তৃক রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ দায়ের করা হয়।

৫। উক্ত রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলায় মাননীয় আদালত কর্তৃক ১৩/১২/২০১৫ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা নিম্নরূপ-

"In the result, the Rule is made absolute. In consequence whereof, it is declared that the impugned স্মারক নং-কোনা/স্মা/দা/মা/১(৭), তারিখ: ১৯.০১.২০১৪ and the impugned স্মারক নং-১জি/৯৮৭বি/২০১১/২৯৫১০/৫, তারিখ: ২৪.১২.২০১৩ have been made and issued without any lawful authority and are of no legal effect.

Accordingly, the Respondent No.3 and other respondent are directed to restore to the petitioners the scale and the Code number that was allowed to the petitioner before issuance of the impugned letters hereby set aside. They are further directed to pay the arrear salaries, if any as well as the government portion to the MPO that has been paid/creadted less to his account, within 30 working days from the date of receipt of the judgment and order"

৬। রিট মামলার উক্ত রায়/আদেশ বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং- ৩৭২/২০১৬ (রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়।

৭। তৎপরবর্তীতে উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিপিএলএ নং-৩৬১১/২০১৬ মামলা দায়ের করা হয়। সিপিএলএ নং-৩৬১১/২০১৬ মামলায় মহামান্য আপিল বিভাগ কর্তৃক ১১/১২/২০১৭ তারিখে প্রদত্ত আদেশটি নিম্নরূপ-

"The operation of the judgment and order of the High court Division in Writ Petition No. 1451 of 2014 be stayed subject to condition that respondent No. 1 shall get the M.P.O on the basis of Code No. 10 till disposal of the appeal and realization of excess amount withdrawn by the respondent be stayed till disposal of the appeal"

৮। উল্লেখ্য- সিপিএলএ নং-৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের আদেশ/নির্দেশনাটি বাস্তবায়নে বিলম্ব হওয়ায় পিটিশনার কর্তৃক পুনরায় অপর কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৬ (সিপিএলএ নং-৩৬১১/২০১৬ যা পরবর্তীতে সিভিল আপীল নং-১৩৭/২০১৮ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়।

চলমান পাতা-০২

৯। বর্তমানে সিপিএলএ নং-৩৬১১/২০১৬ মামলার ১১/১২/২০১৭ তারিখের নির্দেশনা (আপিলটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পিটিশনার এর ১০ নং কোডে বেতন-ভাতার সরকারি অংশ চালু রাখা সংক্রান্ত) অনুযায়ী পিটিশনার- জনাব মো: শফিকুর রহমানকে ১০ নং কোডে বেতন ভাতার সরকারি অংশ (MPO) বর্তমানে চালু করা হয়েছে এবং তা চলমান আছে (এমপিওসীট সংযুক্ত)।

১০। এক্ষণে উক্ত সিভিল আপীল নং-১৩৭/২০১৮ (যা সিপিএলএ নং-৩৬১১/২০১৬ ও রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ হতে উদ্ভুত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার নিমিত্ত সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা, দায়িত্ব প্রদানের চিঠিসহ প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের জন্য মহোদয় কর্তৃক অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়-এর সাথে মৌখিকভাবে আলোচনা হয়।

১১। এমতাবস্থায়, সিভিল আপীল নং-১৩৭/২০১৮ (যা রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ এবং তৎপ্রেক্ষিতে দায়েরকৃত সিপিএলএ নং-৩৬১১/২০১৬ হতে উদ্ভুত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামাসহ ও চাহিত তথ্যাদি (রিট মামলার আর্জি ও রায়ের কপি, সিপিএলএ মামলার অন্তবর্তীকালীর আদেশের কপি এবং কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ তথ্যাদি) নির্দেশক্রমে মহোদয় বরাবর প্রেরণ করা হলো। অধিকন্তু দ্রুত আলোচ্য মামলার Additional Paper book টিএমইডি'র অনুমোদনক্রমে মহামান্য আদালতে দাখিলের অনুরোধসহ আরো কোন তথ্য বা কাগজপত্রাদির প্রয়োজন হলে তা উল্লেখপূর্বক লিখিতভাবে জানানোর জন্যও অনুরোধ করা হলো। সে সাথে অন্যান্য প্রয়োজনীয় কাগজ পত্র বলতে কি বুঝানো হয়েছে তা স্পষ্টিকরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১। সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা-০১ পাতা।
২। রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলার আর্জির কপি ৪৪ পাতা।
৩। রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলার ১৩/১২/১৫ তারিখের রায়-১২ পাতা।
৪। সিপিএলএ নং-৩৬১১/২০১৬ মামলার অন্তবর্তীকালীর আদেশের কপি- ০৬ পাতা।
৫। কনটেম্পট পিটিশন নং-৩৭২/২০১৬ (রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ হতে উদ্ভুত) এর রুলনিশি-১৩ পাতা।
৬। কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ (সিপিএলএ নং-৩৬১১/২০১৬ যা পরবর্তীতে সি.এ নং-১৩৭/১৮ হতে উদ্ভুত) এর তথ্য- ০২ পাতা।

(এ.কে.এম শহীদুল্লাহ)
উপসচিব (অডিট ও আইন)
ফোন-৯৫৭৪০৯০।

জনাব শেখ শফিক মাহমুদ পুষ্প
শেখ শফিক মাহমুদ এন্ড এ্যাসোসিয়েটস, চেম্বার নং এ-৪ (৭ম তলা)
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, ৮৯ (পুরতন) বিজয়নগর, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।